

PRINT

সমকাল

প্রাথমিক-ইবতেদায়ি সমাপনী পরীক্ষা আজ শুরু

বসছে ৩১ লাখ শিশু

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

প্রথমবারের মতো শতভাগ সৃজনশীল প্রশ্নে আজ শুরু হচ্ছে পঞ্চম শ্রেণির শিশু শিক্ষার্থীদের প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। এ বছর সারাদেশের ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিশু শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে প্রাথমিকে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন এবং ইবতেদায়িতে ৩ লাখ ১৭ হাজার ৮৫৩ জন।

জানা গেছে, আজ রোববার থেকে একযোগে সারাদেশে এই দুই পরীক্ষা শুরু হবে ৭ হাজার ৪১০টি কেন্দ্রে। বিদেশে ১২টি কেন্দ্রে পরীক্ষা হবে। বিশেষ চাহিদাসম্পন্ন ৩ হাজার ২৯৪ জন শিশু শিক্ষার্থীও পরীক্ষায় অংশ নেবে এবার। অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে তারা।

এরই মধ্যে দেশের দুর্গম এলাকার ২০৪টি কেন্দ্রে প্রশ্নপত্র পাঠানো হয়েছে বিশেষ ব্যবস্থায়। দায়িত্ব পালনে ন্যূনতম অবহেলা বা অনিয়মের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে গত বছর থেকে দেশের ৬৪ জেলাকে বিশেষ আটটি অঞ্চলে ভাগ করে আট সেট প্রশ্ন ছাপিয়ে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা নিচ্ছে সরকার।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার বহু নির্বাচনী প্রশ্ন (এমসিকিউ) থাকছে না, শতভাগ সৃজনশীল বা যোগ্যতাভিত্তিক প্রশ্ন চালু করা হয়েছে। এ ধরনের প্রশ্নের হার গত কয়েক বছর ধরে ধাপে ধাপে বাড়িছিল সরকার। ২০১৭ সালে ৮০ শতাংশ এবং ২০১৬ সালে ৬৫ শতাংশ প্রশ্ন ছিল যোগ্যতাভিত্তিক, বাকিগুলো ছিল প্রচলিত। যোগ্যতাভিত্তিক প্রশ্নে চিন্তা

করে শিক্ষার্থীদের উত্তর লিখতে হয়। কিন্তু অনেক শিক্ষার্থীই দুই ঘণ্টায় পরীক্ষা শেষ করতে না পারায় ২০১৩ সালে এই পরীক্ষার সময় ৩০ মিনিট বাড়িয়ে আড়াই ঘণ্টা করা হয়। এবার সব প্রশ্ন শতভাগ সৃজনশীল হলেও পরীক্ষার সময় আগের মতই রাখা হয়েছে।

সৃজনশীল প্রশ্নে পরীক্ষা নেওয়ার ফলে পাবলিক পরীক্ষায় নকলের প্রবণতা কমানোর সঙ্গে শিক্ষার্থীদের চিন্তা করে উত্তর লেখার দক্ষতা বাড়ছে বলে দাবি করছে সরকার।

প্রাথমিক সমাপনীর সূচি :আজ ১৮ নভেম্বর ইংরেজি, ১৯ নভেম্বর বাংলা, ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা।

ইবতেদায়ি সমাপনীর সূচি :আজ ১৮ নভেম্বর ইংরেজি, ১৯ নভেম্বর বাংলা, ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২২ নভেম্বর আরবি, ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর কোরআন ও তাজবিদ এবং আকাইদ ও ফিকাহ।

প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা চলবে ২৬ নভেম্বর পর্যন্ত।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com